গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NIPORT)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১৩/১ শেখ সাহেব বাজার, আজিমপুর, ঢাকা-১২০৫।
www.niport.gov.bd

স্মারক নং: ৫৯.১২.০০০০.০০১.০৬.১৬৭.২৪-৩৩৬ তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩১ / ১৯ ফেব্রুয়ারি ২০২৫

**বিষয়: জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)-এর ফেব্রুয়ারি/২০২৫ খ্রি. মাসে অনুষ্ঠিত অভ্যন্তরীণ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : **ডা. আশরাফী আহমদ** এনডিসি মহাপরিচালক, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
সভার তারিখ ও সময় : ১৯/০২/২০২৫ খ্রি, সকাল ১১:০০ টা;
সভার স্থান : নিপোর্ট সভাকক্ষ।
উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মচারীবৃন্দকে স্বাগত জানিয়ে সমন্বয় সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন), জনাব মো: গোলাম মোস্তফা নিপোর্টের কার্যক্রম যেমন: নিপোর্টের স্ট্যান্ডার্ড সেট-আপ প্রণয়ন/হালনাগাদকরণ, নিপোর্টের গবেষণা নীতিমালা, ২০২৪, রেজিস্টার অব রেজিস্টার ও সেন্ট্রাল রেজিস্টার, ডি-নথি, এবং অনিষ্পন্ন পত্র ইত্যাদি বিষয়ের উপর গুরুত্বারোপ করে আলোচনার সূত্রপাত করেন। পরবর্তীতে ইতোপূর্বে অনুষ্ঠিত সভার সর্বশেষ অবস্থা/অগ্রগতি সম্পর্কে আলোচনা করেন। আলোচ্যসূচি অনুযায়ী সভায় বিস্তারিত আলোচনা হয় এবং গুরুত্বপূর্ণ বিষয়ে পরিচালক (প্রশিক্ষণ) ও উপসচিব জনাব শেখ রাসেল হাসান এবং পরিচালক (গবেষণা-চলতি দায়িত্ব) জনাব মোহা. মাহফুজুর রহমানসহ ও অন্যান্য কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণপূর্বক মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | "Standard Setup" প্রণয়ন/হালনাগাদকরণ | নিপোর্টের "Standard Setup" প্রণয়ন/হালনাগাদকরণ বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিধায় এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। | ক) জাতীয় জনসংখ্যা গবেষণা প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)-এর "Standard Setup" প্রণয়ন/হালনাগাদকরণ সম্পর্কিত ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি ৩১/১২/২০২৪ খ্রি. তারিখে ৫৯.১২.০০০০.০০১.৩২.২০৬.২৪-২৯১ নং স্মারকমূলে গঠন করা হয়েছে।<br><br>খ) নিপোর্টের "Standard Setup" প্রণয়ন/ হালনাগাদকরণ সংক্রান্ত ২ টি সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>গ) বিগত ১০/০২/২০২৫ খ্রি. তারিখের কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ইউনিট ভিত্তিক পদ সোপান, পদের দায়িত্ব এবং পদের যৌক্তিকতা আগামী ২৬/০২/২০২৫ তারিখে অনুষ্ঠিতব্য সভায় (নিপোর্টের "Standard Setup" প্রণয়ন/ হালনাগাদকরণ সংক্রান্ত সভায়) Power point উপস্থাপনা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন) |



[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য]

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২ | গবেষণা নীতিমালা, ২০২৪ প্রণয়ন | নিপোর্টের গবেষণা নীতিমালা, ২০২৪ চূড়ান্তকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা। | নিপোর্টের গবেষণা নীতিমালা, ২০২৪ দ্রুত চূড়ান্তকরণের বিষয়ে মহাপরিচালক মহোদয় আগামী মার্চ/২০২৫ মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। | পরিচালক (গবেষণা) |
| ৩ | Central Register ও Master File সংক্রান্ত | বর্তমানে নিপোর্টের কোনো সেন্ট্রাল রেজিষ্টার না থাকায় পরিচালক (প্রশাসন) বিষয়টির প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে গুরুত্বারোপ করেন। তিনি আরও উল্লেখ করেন মাস্টার/গার্ড ফাইল যথাযথ ভাবে মেইনটেইন করা একটি প্রতিষ্ঠানের সুষ্ঠু ব্যবস্থাপনা ও জবাবদিহিতার সাথে সম্পর্কিত। ৩ (তিন) ইউনিটের জন্য একত্রে Central Register এবং Master/Guard File মেইনটেইন/চালু করার বিষয়ে আলোচনা হয়। | সেন্ট্রাল রেজিস্টার এবং রেজিস্ট্রার অব রেজিস্ট্রার এর কাজ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | জনাব মোহাম্মদ সাফাত মোস্তফা, তত্ত্বাবধায়ক (প্রশাসন) এবং সংশ্লিষ্ট কর্মচারী |
| ৪ | শূন্যপদ পূরন | নিপোর্টের শূন্যপদ পূরনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | নিপোর্টের বর্তমান কতগুলি শূন্যপদ আছে এবং এর মধ্যে কতগুলি পদে নিয়োগ প্রদান করা যাবে এই বিষয়ে ০৭ (সাত) কর্মদিবস এর মধ্যে উদ্যোগ গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন) |
| ৫ | অনিষ্পন্ন পত্র | পরিচালক (প্রশাসন) অনিষ্পন্ন পত্রের তালিকা প্রণয়নের বিষয়ে গুরুত্বারোপ করে আলোচনা করেন। মহাপরিচালক মহোদয় মতামত ব্যক্ত করেন যে, অনিষ্পন্ন পত্রের তালিকা কাজের অগ্রগতি পর্যবেক্ষনের জন্য অত্যন্ত প্রয়োজনীয়। | অনিষ্পন্ন পত্রের তালিকা প্রণয়ন ও ব্যবস্থাপনার বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নীতিমালা অনুসরণ করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত পত্র নথিতে পুট-আপ দিতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মচারী |



[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য]

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৬ | ডি-নথি | ডি-নথি এর বিষয়ে বিশদ আলোচনা হয়। | এখন পর্যন্ত ৩৩ (তেত্রিশ) টি প্রতিষ্ঠানে ডি-নথি আইডি তৈরী করা সম্পন্ন হয়েছে। বর্তমানে নিপোর্ট প্রধান কার্যালয়, আরপিটিআই ও আরটিসমূহে ডি-নথি এর কার্যক্রম চালুর বিষয়ে ইতোমধ্যে এটুআই (a2i) বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে নিপোর্ট ও আওতাধীন প্রতিষ্ঠানসমূহে ডি-নথি ফেব্রুয়ারি/২০২৫ এর মধ্যে আইডি তৈরী সম্পন্ন করতে হবে। পরবর্তীতে মহাপরিচালক মহোদয় ডি-নথি সংশ্লিষ্ট প্রশিক্ষণ আয়োজনের নির্দেশনা প্রদান করেন। | জনাব হিরো ধর, সহকারী পরিচালক (প্রশিক্ষণ) ও অধ্যক্ষ (অ.দা), আরপিটিআই, মানিকগঞ্জ, জনাব শাহরিয়ার জাহান সাকিব, গবেষণা সহযোগী ও জনাব আতিক উল্লাহ, সহকারী প্রোগ্রামার (টিআরডি) |
| ৭ | মাঠ পর্যায়ের ক্রয়ের সাথে যারা সম্পর্কিত তাদের প্রশিক্ষণ প্রদান | মাঠ পর্যায়ে (আরপিটিআই এবং আরটিসি) সমূহের যেসকল কর্মচারী প্রতিষ্ঠানের ক্রয় সংক্রান্ত কাজের সাথে সাথে জড়িত সেসকল কর্মচারীদের ক্রয় সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা বিস্তারিত আলোচনা হয়। | মাঠ পর্যায়ে (আরপিটিআই এবং আরটিসি) সমূহের যেসকল কর্মচারী (ক্যাশিয়ার/স্টোরকিপার) প্রতিষ্ঠানের ক্রয় সংক্রান্ত কাজের সাথে সাথে জড়িত সেসকল কর্মচারীদের ক্রয় সংক্রান্ত প্রশিক্ষণ এর ব্যবস্থা করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৮ | বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিপোর্টের গবেষণা কাজে সহায়তা প্রদানের বিপরীতে অর্থ সহায়তা প্রদান | বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিপোর্টের গবেষণা কাজে সহায়তা প্রদানের বিপরীতে অর্থ সহায়তা প্রদানের বিষয়ে উদ্যোগ গ্রহণের বিষয়ে গুরুত্ব দেওয়া হয়। | মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে বিশ্ববিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থীদের নিপোর্টের গবেষণা কাজে সহায়তা প্রদানের বিপরীতে অর্থ সহায়তা প্রদান করা যেতে পারে। | পরিচালক (প্রশাসন) |
| ৯ | অডিট সংক্রান্ত | রাজস্বখাতের SFI ও Non-SFI অডিট সংক্রান্ত আলোচনা হয়। | SFI ৮টি এবং Non-SFI ২২ টি সহ মোট ৩০ রাজস্বখাতের মোট ৩০ টি অনিষ্পন্ন আপত্তির তথ্য ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ১০ | ০৩ (তিন) ইউনিটে অভ্যন্তরীণ কাজে সমন্বয়সাধন | প্রশিক্ষণ ও গবেষণা ইউনিটের সকল কার্যক্রম প্রশাসন ইউনিটের সাথে সমন্বয় সাধন করে সম্পন্নের বিষয়ে গুরুত্ব প্রদান করা হয়। | ক) নিপোর্টের প্রশিক্ষণ ইউনিটের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় কোর্স কো-অর্ডিনেটর (সিসি) এবং কোর্স ডিরেক্টর (সিডি) নির্ধারণে স্বচ্ছতা থাকতে হবে। সভা, সেমিনার এবং প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় প্রশাসন ইউনিটের সাথে সমন্বয় করে পরবর্তী সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>খ) গবেষণা ইউনিটের ক্ষেত্রেও একই ভাবে প্রশাসন ইউনিটের সাথে সমন্বয় করে পরবর্তী কার্যক্রম সম্পন্ন করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ) ও পরিচালক (গবেষণা) |



[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য]

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১১ | বিবিধ | নিপোর্টের অভ্যন্তরীণ মাসিক সমন্বয় সভার তারিখ নির্ধারণের বিষয়ে মহাপরিচালক মহোদয় আলোচনা করেন এবং আলোচনা শেষে মাসিক সমন্বয় সভার তারিখ নির্ধারিত করে দেন। | নিপোর্টের অভ্যন্তরীণ মাসিক সমন্বয় সভা প্রতি মাসের তৃতীয় সপ্তাহে আয়োজনের জন্য মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন। | পরিচালক (প্রশাসন) |

সভাপতি বলেন, সভার আলোচ্যসূচি অনুযায়ী অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত হয়েছে। পরিশেষে, নিপোর্টের সকল কর্মচারীকে শৃঙ্খলা ও নিষ্ঠার সাথে প্রতিষ্ঠানের অভীষ্ট লক্ষ্য অর্জনে সকলকে কাজ করারও নির্দেশনা প্রদান করেন।

সভার আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯/২/২০২৫

ডা. আশরাফী আহমদ এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ২২৩৩৬২৪৯৫
ই-মেইল: dg@niport.gov.bd

স্মারক নং: ৫৯.১২.০০০০.০০১.০৬.১৬৭.২৪-৩৩৬/১(৫০)

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩১ / ১৯ ফেব্রুয়ারি ২০২৫

অনুলিপি: সদয় জাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কলাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রাণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/গবেষণা-চলতি দায়িত্ব), নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (সকল)-----------------------------------------------।
৪। প্রশিক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (সকল)---------------------------------------------------।
৫। কর্মকর্তা (সকল), নিপোর্ট প্রধান কার্যালয়, আজিমপুর, ঢাকা।
৬। জনাব মো: আতিক উল্লাহ, সহকারী প্রোগ্রামার (টিআরডি), নিপোর্ট, আজিমপুর, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৭। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী(ভারপ্রাপ্ত), নিপোর্ট, আজিমপুর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে )।
৮। জনাব.............................................................................................।
৯। অফিস কপি।

১৯/২/২৫

ফয়সাল হক
উপপরিচালক (প্রশাসন)
(সিনিয়র সহকারী সচিব)
ফোন: ০২২২৬৬৮৩৬১৪
ই-মেইল: ddadmin@niport.gov.bd